বাংলাদেশ জাতীয় সংসদ

"সর্বোচ্চ অগ্রাধিকার"

# অতীব জরুরী

নং- ৫৯-ম:আ: তা:- ১৭/১/২০২০

উল্লেখিত প্রতিবেদন আগামী ২০/০১/২০২০ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

মোঃ জিকরুল ইসলাম
পরিচিতি নং-০০৫০৩১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

## বাংলাদেশ জাতীয় সংসদ

২০২০ সালের ২৮ জানুয়ারী, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ৬৯২ । জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশের স্বল্প পুঁজির তাঁতীদের সহজ শর্তে এবং স্বল্প সুদে ঋণ সুবিধা দেবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কী প্রক্রিয়ায় ও কবে নাগাদ তাহার কার্যক্রম শুরু হইবে; না সূচক হইলে, তাহার কারণ কী?

Natore

* ৬৯৩ । জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে সড়ক পথের সম্প্রসারণ ও লেন বৃদ্ধি করিবার লক্ষ্যে মন্ত্রণালয় কোনো মহা পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

Barguna

* ৬৯৪ । বেগম সুলতানা নাদিরা (মহিলা আসন-১৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরগুনা জেলাধীন বিষখালী নদীর ''বামনা-বদনীখালী'' পয়েন্টে একটি ইউটিলিটি ফেরী অচিরেই দেওয়ার ব্যবস্থা করিবেন কিনা?

B. Baria

* ৬৯৫ । জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ব্রাহ্মণবাড়িয়া জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৬৯৬ । বেগম নাজমা আকতার (মহিলা আসন-৪৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় অসহায় মহিলা ও শিশুদের কী কী সাহায্য সহযোগিতা করিয়া থাকে; এবং তাহাদেরকে আত্মনির্ভরশীল করিয়া গড়িয়া তুলিবার লক্ষ্যে কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৬৯৭ । বেগম রত্না আহমেদ (মহিলা আসন-৪৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, পাটের গবেষণা ও উন্নয়নে যুগান্তকারী সাফল্য অর্জিত হইয়াছে; উত্তর হ্যাঁ হইলে, দেশি পাটের ''জীবন রহস্য'' উন্মোচিতকরণের লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

* ৬৯৮ । বেগম লুৎফুন নেসা খান (মহিলা আসন-৪৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, অতি সম্প্রতি রেলগাড়ী ঘনঘন দুর্ঘটনার পতিত হইতেছে। এর কারণগুলি কী কী; এবং ইহার প্রতিকারের জন্য কী ধরনের ব্যবস্থা নেওয়া হইয়াছে?

Rajshahi

* ৬৯৯ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে রাজশাহী জেলার সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো প্রকল্প গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, তাহা কী?

* ৭০০ । বেগম আরমা দত্ত (মহিলা আসন-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারীর প্রতি সহিংসতা বন্ধে যুব সমাজ ও তরুণদের অগ্রণী ভূমিকা রাখিতে হইবে। সেই অগ্রণী ভূমিকাগুলি কিভাবে হাতে নেওয়া যাইতে পারে সেই বিষয়ে কোনো পরিকল্পনা আছে কিনা?

Road Safety

* ৭০১ । জনাব মোঃ শাহে আলম (বরিশাল-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ ও সড়কে শৃঙ্খলা ফিরাইয়া আনিবার জন্য কোনো বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা বিস্তারিত বলিবেন কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স ([illegible])-এ এর সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্টে-এ eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Jhenaidah

* ৭০২ । মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এই পর্যন্ত ঝিনাইদহ জেলায় রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

SE, Planing & Programming

* ৭০৩ । জনাব মোয়াজ্জেম হোসেন রতন (সুনামগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, একটি দেশের উন্নয়ন অনেকাংশেই নির্ভর করিয়া থাকে যোগাযোগ ব্যবস্থার ওপর। যানজট সমস্যা যোগাযোগ ব্যবস্থাকে মারাত্মকভাবে ব্যাহত করিতেছে। যানজটের এই জটিল পরিস্থিতি মোকাবেলায় সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

* ৭০৪ । জনাব এম এ মতিন (কুড়িগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় দরিদ্র্য মহিলাদের জন্য দারিদ্র বিমোচন কর্মসূচির অধীনে মহিলা অধিদপ্তরের মাধ্যমে কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৭০৫ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মাহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ভোলা জেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৭০৬ । বেগম আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুবিধা বঞ্চিত শিশুদের পুনর্বাসনকল্পে রাজশাহী জেলার গোদাগাড়ী ও তানোর উপজেলায় একটি শিশু নিবাস স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

Sub-Regional Road Transport Project Preparatory

* ৭০৭ । জনাব মোঃ আমিনুল ইসলাম (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের উত্তরবঙ্গের সকল মহাসড়কগুলি চারলেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; না থাকিলে, উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

* ৭০৮ । জনাব মোঃ আক্তারুজ্জামান (খুলনা-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দুর্যোগ কবলিত অনগ্রসর জনপদ কয়রা ও পাইকগাছা উপজেলায় বিশেষ বিবেচনায় সামাজিক নিরাপত্তা বলয়ের অধীনে বিধবা ভাতা, দুস্থ মহিলা ভাতা, মাতৃত্বকালীন ভাতা ও প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য ভাতাধারীর সংখ্যা বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর হইবে?

* ৭০৯ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এই পর্যন্ত ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় দুস্থ মহিলাদের মধ্যে কোনো ঋণ প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৭১০ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৭১১ । বেগম রুমিন ফারহানা (মহিলা আসন-৫০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) বাস্তবায়নকারী দেশ হিসাবে বাংলাদেশ লৈঙ্গিক সমতা নিশ্চিতে কাজ করিতে প্রতিশ্রুতিবদ্ধ। এসডিজি এর আলোকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কী কী পদক্ষেপ নিয়াছে?

* ৭১২ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় বেগমগঞ্জ উপজেলায় দুস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৭১৩ । বেগম নাসরিন জাহান রত্না (বরিশাল-৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার বরিশাল বিভাগে রেলপথ সম্প্রসারণের কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৭১৪ । জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পাট দিয়া দেশে কী কী পণ্য উৎপাদন হয়; উক্ত পণ্য বিদেশে রপ্তানি করা হয় কিনা; হইলে, কোন কোন দেশে রপ্তানি করা হয়; উক্ত পণ্য বিদেশের বাজারে চাহিদা কেমন?

Pirajpur

* ৭১৫ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পিরোজপুর জেলা হইতে যাতায়াতকারী এলাকার রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৭১৬ । জনাব নুর মোহাম্মদ (কিশোরগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঢাকা-কিশোরগঞ্জ রেললাইন জরাজীর্ণ ও বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত অবস্থায় রহিয়াছে। উক্ত রেললাইনকে সংস্কার ও আধুনিকায়ন করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ৭১৭ । জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গা (রংপুর-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) জাতিসংঘ শিশু অধিকার কনভেনশনের আলোকে "শিশু অধিকার" সম্পর্কীয় বিদ্যমান আইনসমূহ কার্যকর আছে কিনা; থাকিলে, তাহার লক্ষণ কী; এবং

(খ) উত্তর না সূচক হইলে, আইনসমূহ সংস্কারের কোনো পরিকল্পনা আছে কিনা; না সূচক হইলে, তাহার কারণ কী?

* ৭১৮ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নিবন্ধনহীন ব্যাটারিচালিত অটোর দৌরাত্ম্য বন্ধে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

* ৭১৯ । জনাব মোঃ আক্কাছ আলী সরকার (কুড়িগ্রাম-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-১ এর অন্তর্গত নাগেশ্বরী ও ভুরুঙ্গামারী উপজেলার পাট চাষীদের উন্নত পাট উৎপাদনে কোনো প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে কিনা; না হইলে, তাহাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা?

Noakhali

* ৭২০ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী-ফেনী আঞ্চলিক মহাসড়কে সেনবাগ বাজার অংশে একটি বাইপাস সড়ক নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৭২১ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত অর্থ বছরে দেশে কী পরিমাণ পাট উৎপাদিত হইয়াছে; সোনালী পাটের হারানো গৌরব ফিরাইয়া আনিতে সরকারের পক্ষ হইতে কী কী কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

* ৭২২ । জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় কোনো অসহায় মহিলাদের সেলাই প্রশিক্ষণ কেন্দ্র ও সেলাই মেশিন প্রদান করা হয় কিনা; হইলে, তাহা কী; না হইলে, দেওয়া হইবে কিনা?

ACE, Chittagong 2nd, PD, PPP Projects

* ৭২৩ । বেগম কানিজ ফাতেমা আহমেদ (মহিলা আসন-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম-কক্সবাজার মহা সড়ককে চার লাইনে বাস্তবায়নের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি হাতে (৮৮ ৭১৩৩৫ ৭/৮৮ ৭১৩৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্টে cemonthd@gmail.com ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Rangpur

* ৭২৪ । জনাব আবুল কালাম মোঃ আহসানুল হক চৌধুরী (রংপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার কুতুবপুর ইউনিয়নের অরুন্তেছা ঘাটে একশত পঞ্চাশ মিটার সেতু নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ নির্মাণ করা হইবে?

* ৭২৫ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় কোনো অসহায় মহিলাদের সেলাই প্রশিক্ষণ কেন্দ্র ও সেলাই মেশিন প্রদান করা হয় কিনা; হইলে, তাহা কী; না হইলে, দেওয়া হইবে কিনা?

* ৭২৬ । জনাব আব্দুল মান্নান (লক্ষীপুর-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা রামগতি ও কমলনগরে পাটের উৎপাদন বৃদ্ধিকল্পে পাট চাষীদের প্রণোদনা দেওয়ার ব্যাপারে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা?

Sirajganj

* ৭২৭ । জনাব মোঃ আব্দুল আজিজ (সিরাজগঞ্জ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এই পর্যন্ত সিরাজগঞ্জ জেলায় কোনো রাস্তা সংস্কার ও সম্প্রসারণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৭২৮ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিআরটিসির আওতাধীন বাসের সংখ্যা কত; তাহার মধ্যে কতটি বাস চলাচল করিতেছে; এবং নতুন কোন বাস আমদানি করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৭২৯ । জনাব মুহিবুর রহমান মানিক (সুনামগঞ্জ-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট-ছাতক রোডে কমিউটার ট্রেন সার্ভিস চালু করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ চালু হইবে; না থাকিলে, তাহার কারণ কী?

* ৭৩০ । বেগম তামান্না নুসরাত (বুবলী) (মহিলা আসন-২৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নরসিংদী জেলায় অসহায় দারিদ্র্য মহিলা ও শিশুদের সহায়তায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

ACE, Khulna
EE, Jeshore

* ৭৩১ । কাজী নাবিল আহমেদ (যশোর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর-খুলনা, যশোর-ঝিনাইদহ, যশোর-মাগুরাসহ অত্র এলাকার রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৭৩২ । জনাব মোঃ মহিববুর রহমান (পটুয়াখালী-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কলাপাড়া রেল লাইন নির্মাণ প্রকল্পের কাজের অগ্রগতি কোন পর্যায়ে রহিয়াছে; এই রেললাইনটি কলাপাড়া হইয়া কুয়াকাটা সমুদ্র সৈকত পর্যন্ত সম্প্রসারণ করিবার পরিকল্পনা রহিয়াছে কিনা; এই রেল দিয়া কবে নাগাদ যাত্রী পরিবহন সম্ভব হইবে?

* ৭৩৩ । বেগম শিরীন আখতার (ফেনী-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ২৬৫ ফেনী-১ এ নারীদের দক্ষ জনশক্তি রূপে গড়িয়া তুলিবার লক্ষ্যে একটি বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৭৩৪ । জনাব শরিফুল ইসলাম জিন্নাহ্ (বগুড়া-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৭৩৫ । বেগম মনিরা সুলতানা (মহিলা আসন-২৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দরিদ্র অসহায় মহিলা ও শিশুদের কল্যাণে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোনো প্রকল্প চালু আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৭৩৬ । জনাব মোকাব্বির খান (সিলেট-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ২৩০ সিলেট-২ এর ওসমানীনগর অথবা বিশ্বনাথ উপজেলায় একটি কর্মজীবি মহিলা হোস্টেল ও ট্রেনিং সেন্টার স্থাপন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

* ৭৩৭ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দ্রুতগতিতে বেপরোয়া গাড়ি চালনা, নির্দিষ্ট গতি সীমার মধ্যে পথচারী ও অন্যান্যদের নিরাপত্তার বিষয়টি মাথায় রাখিয়া গাড়ি চালনার আবশ্যকীয়তা চালকেরা আমলে নিতে চায় না। ফলে যাত্রীবাহী বাস, মিনিবাস এবং ট্রাক-বাস সংঘর্ষেই দুর্ঘটনা ও প্রাণহানী বেশি ঘটিতেছে থাকে; উত্তর হ্যাঁ হইলে, উক্ত বিষয়ে সরকার কোনো উদ্যোগ গ্রহণ করিয়াছে?

* ৭৩৮ । জনাব মোঃ মোশারফ হোসেন (বগুড়া-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশের রেলপথকে ডাবল লাইনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৭৩৯ । জনাব মোঃ শফিকুল আজম খাঁন (ঝিনাইদহ-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ঝিনাইদহ জেলার মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলার শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৭৪০ । জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশের মিটারগেজ রেললাইন পরিবর্তন করিয়া ব্রডগেজ রেলপথ করিবার প্রতিশ্রুতি দেওয়া আছে। আগামী কত দিনের মধ্যে দেশের সমস্ত রেললাইন "ব্রডগেজ" করিবার পরিকল্পনা আছে?

* ৭৪১ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ উপজেলার প্রতিটি ইউনিয়নে একটি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল স্থাপন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ৭৪২ । সৈয়দা জোহরা আলাউদ্দিন (মহিলা আসন-৩৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-সিলেট রুটে চলাচলকৃত পুরাতন জরাজীর্ণ ট্রেনগুলি পরিবর্তনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা পরিবর্তন করা হইবে?

* ৭৪৩ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার নারীদের দক্ষ জনশক্তি রূপে গড়িয়া তুলিবার লক্ষ্যে একটি বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কী?

* ৭৪৪ । বেগম জাকিয়া পারভীন খানম (মহিলা আসন-১৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নেত্রকোনা জেলায় পূর্বধলা উপজেলায় পূর্বধলা ও জারিয়া স্টেশন আধুনিকায়নে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, সেটি কবে নাগাদ হইতে পারে?

* ৭৪৫ । জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রেলক্রসিংগুলিতে দুর্ঘটনা বন্ধে সুরক্ষিত করিবার লক্ষ্যে কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; এবং হইলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য এটি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৭৪৬ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিশ্ব বাজারে পাটের বাজার সম্প্রসারণের লক্ষ্যে বর্তমান সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

* ৭৪৭ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, রাজধানী ঢাকা শহরে চলাচলকারী সকল যানবাহনের চালকরা নিজেদের খামখেয়ালীপনায় সড়কের বাম লেন বন্ধ করিয়া ফেলে যাহা যানজটের অন্যতম কারণ; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, সড়কের বাম লেন উন্মুক্ত রাখিবার লক্ষ্যে কঠোর কোনো পদক্ষেপ নেওয়া হইবে কিনা; না হইলে, তাহার কারণ কী?

* ৭৪৮ । জনাব মোঃ মোজাফ্ফর হোসেন (জামালপুর-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশের ইতিহাস ও ঐতিহ্যের গৌরবোজ্জ্বল অংশ রেশম শিল্প। এই শিল্পের পরিসম্পদের সর্বশেষ তথ্য বিবরণী কী; অর্জিত সফলতা কী; এবং

(খ) দেশের চাহিদার তুলনায় এইটা পর্যাপ্ত কিনা; না হইলে, সরকারের বিকল্প পরিকল্পনা কী?

Netrokona

* ৭৪৯ । জনাব অসীম কুমার উকিল (নেত্রকোণা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা (নেত্রকোনা-৩) এর কেন্দুয়া উপজেলার রোহাইলবাড়ী বাজার পূর্বপার্শ্ব লিলাহরখিলা সিবেরটেকে বেতাইনদী, কিসমপাড়া ও সুন্দাইল গ্রামের বেতাই নদী এবং পাথাইরকোনা বৈশ্যা খালের উপর ৪টি সেতু নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৭৫০ । পীর ফজলুর রহমান (সুনামগঞ্জ-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলকে আধুনিক ও লাভজনক করিবার লক্ষ্যে বর্তমান সরকার কোনো বিশেষ পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৭৫১ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলায় অবস্থিত রেলস্টেশনগুলি আধুনিকায়ন এবং রেলক্রসিংগুলির নিরাপত্তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা; হইলে, তাহা কী; এবং না হইলে, উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

ঢাকা,
২ মাঘ, ১৪২৬।
১৬ জানুয়ারী, ২০২০।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০২০ সালের ২৮ জানুয়ারী, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

৫৫৮ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট দ্বারা নির্মিত দ্রব্য সামগ্রী ব্যবহারে জনসাধারণকে আরো উৎসাহিত করিবার লক্ষ্যে পত্র, পত্রিকা, ইলেকট্রনিক মিডিয়ায় আরো প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা?

৫৫৯ । জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর (কুড়িগ্রাম-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-১ এর অন্তর্গত নাগেশ্বরী ও ভুরুঙ্গামারী উপজেলার দুস্থ ও দরিদ্র মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কিছু অতিরিক্ত সেলাই মেশিন বরাদ্দ করা হইবে কিনা?

৫৬০ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জুলাই/২০১৯ হইতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত লক্ষ্মীপুর জেলার সড়ক ও জনপথ বিভাগের আওতায় রামগঞ্জ উপজেলার কতটি সড়ক মেরামত, সংস্কার এবং পাকাকরণ করা হইয়াছে; সড়কসমূহের নাম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ কত?

৫৬১ । জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর (কুড়িগ্রাম-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জানুয়ারি/২০১৯ হইতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-১ এর অন্তর্গত নাগেশ্বরী ও ভুরুঙ্গামারী উপজেলায় কী পরিমাণ কাঁচা সড়ক পাকাকরণ করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী?

৫৬২ । বেগম শিরীন আখতার (ফেনী-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের প্রতিটি উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, সরকারের পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ নির্মাণ করা হইবে?

৫৬৩ । জনাব মোঃ শাহে আলম (বরিশাল-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কী, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে বরিশাল জেলার বানারীপাড়া ও উজিরপুর উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

৫৬৪ । জনাব আব্দুল মান্নান (লক্ষ্মীপুর-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাথে রেল যোগাযোগ স্থাপনের জন্য চাঁদপুর হইতে রামগঞ্জ-লক্ষীপুর হইয়া রামগতি পর্যন্ত রেলপথ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের রহিয়াছে কিনা?

৫৬৫ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) সুবিধা বঞ্চিত শিশুদের জন্য ঢাকা মহানগরীতে পৃথক কোনো শিশু নিবাস স্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; না সূচক হইলে, তাহার কারণ কী?

৫৬৬ । জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, উন্নত ব্যবস্থাপনার অভাবে বিপুল বিনিয়োগ সত্ত্বেও মাথা উঁচু করিয়া দাড়াইতে পারিতেছেনা রেলওয়ে; বিষয়টি সত্য হইলে, রেলের দক্ষ ব্যবস্থাপনা গড়িয়া তুলিবার লক্ষ্যে সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

৫৬৭ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্ষা মৌসুমে প্রচুর বৃষ্টিপাত ও বন্যার কারণে দেশের সড়ক মহাসড়কগুলি অধিকাংশ ক্ষতিগ্রস্ত হয়। বর্ষা ও বন্যার পানিতে দেশের সড়ক ও মহাসড়ক যাহাতে কোনো প্রকার ক্ষতিগ্রস্ত না হয় এই বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা?



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
e-mail:kzilhu@dhaka.net, dgdal_nct_hd@yahoo.com
cemonthd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৫৬৮ । জনাব এম এ মতিন (কুড়িগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুড়িগ্রাম জেলার সড়ক পরিবহন মন্ত্রণালয়ের রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-৩ উলিপুর উপজেলার রাস্তাসমূহ সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৫৬৯ । জনাব নূর মোহাম্মদ (কিশোরগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কিশোরগঞ্জ-ঢাকা গুরুত্বপূর্ণ এই রেললাইনে মানসম্মত কোনো ট্রেন নাই। বর্তমানে ঢাকা-কিশোরগঞ্জ লাইনে ২টি ট্রেন চালু আছে যাহা যাত্রীদের চাহিদার তুলনায় অপ্রতুল। ট্রেন ২টির সাথে আরো ২-৩টি করিয়া বগি সংযোজন করিয়া যাত্রীদের কষ্ট কিছুটা লাঘব করা সম্ভব। বগি সংযোজনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কোনো উদ্যোগ গ্রহণ করিবেন কী?

৫৭০ । জনাব নূর মোহাম্মদ (কিশোরগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কিশেরগঞ্জ-ঢাকা গুরুত্বপূর্ণ এই রেললাইনে মানসম্মত কোনো ট্রেন নাই। এই লাইনে উন্নতমানের কোনো ট্রেন ছাড়িবার পরিকল্পনা আছে কী; না থাকিলে, শীঘ্রই একটি উন্নতমানের ট্রেন চালু করিবার ব্যবস্থা করিবেন কী?

৫৭১ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজশাহী জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৭২ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলায় গ্রামীণ অসহায় মহিলাদের আত্মনির্ভরশীল করিবার লক্ষ্যে কোনো প্রশিক্ষণ প্রদান করা হয় কিনা; হইলে, তাহা কী?

৫৭৩ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ভোলা জেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

৫৭৪ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা জেলার উত্তরখান থানার তেরমুখ লোহার ব্রিজের স্থলে স্থায়ীভাবে পাকা ব্রিজ করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

৫৭৫ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকার আবদুল্লাপুর বেড়ীবাঁধ হইতে শুরু হইয়া উত্তরখান থানার তেরমুখ পর্যন্ত বর্তমান ১৫ ফুট বিশিষ্ট সড়কটিতে যান চলাচল বৃদ্ধি পাওয়ায় তাহা প্রশস্ত বা সম্প্রসারিত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কত ফুট বিশিষ্ট উক্ত রাস্তাটি কবে নাগাদ সম্প্রসারিত করা হইবে?

৫৭৬ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার নান্দাইল রেলস্টেশনটি সংস্কার ও আধুনিকীকরণের কোনো পরিকল্পনা বা পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত আছে কিনা; না থাকিলে, নিবেন কিনা; এবং ময়মনসিংহ- চট্টগ্রাম বিজয় নামক আন্তঃনগর ট্রেনটির যাত্রাবিরতি দেওয়া হইবে কিনা?

৫৭৭ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ১৫৪ ময়মনসিংহ-৯ নান্দাইল উপজেলায় টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট প্রতিষ্ঠান স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ স্থাপিত হইবে?

৫৭৮ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ১৫৪-ময়মনসিংহ নান্দাইল উপজেলায় চলতি অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় দুস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা বাস্তবায়ন হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৫৭৯। জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শুধু আইন দিয়া নিরাপদ সড়ক নিশ্চিত সম্ভব নয়। ইহার জন্য প্রয়োজন জনসচেতনতা ও আইনের যথাযথ প্রয়োগ। এমতাবস্থায় আইনের যথাযথ প্রয়োগসহ জনসচেতনতা বাড়াইতে সরকার কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

Sylhet ৫৮০। মোছাঃ শামীমা আক্তার খানম (মহিলা আসন-২১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট-সুনামগঞ্জ সড়কে লামাকাজী অংশে মাহবুব আলী খান সেতুর টোল আদায় আর কত বছর পর্যন্ত চলিবে; সেতুটি নির্মাণ হওয়ার পর হইতে এই পর্যন্ত কত টাকার টোল আদায় হইয়াছে?

৫৮১। মোছাঃ শামীমা আক্তার খানম (মহিলা আসন-২১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুনামগঞ্জ জেলার জাতীয় মহিলা সংস্থায় বর্তমান সরকারের আমলে মোট কত টাকা ঋণ হিসাবে এবং মোট কত টাকা অনুদান হিসাবে বরাদ্দ দেওয়া হইয়াছে; বিগত পাঁচ বছরে এই জেলায় মোট কত টাকা বরাদ্দ হইয়াছে; এবং কতজন মহিলা উপকারভোগী হইয়াছে; সঠিক সংখ্যা কত?

Sunamganj ৫৮২। মোছাঃ শামীমা আক্তার খানম (মহিলা আসন-২১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট-সুনামগঞ্জ সড়কে জাউয়া বাজার এবং গোবিন্দগঞ্জ বাজারের উপর দিয়া ফ্লাইওভার নির্মাণের কোনো পরিকল্পনা আপনার মন্ত্রণালয়ের আছে কিনা?

Chittogram Dohazari ৫৮৩। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে চট্টগ্রাম জেলায় সড়ক পরিবহন ও সেতু বিভাগের মাধ্যমে কোনো সেতু নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

৫৮৪। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম রেলপথ ডাবল লাইনের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; উক্ত রেলপথ ডাবল লাইনের কাজ কবে নাগাদ শেষ হইবে?

৫৮৫। জনাব মোঃ শামসুল হক টুকু (পাবনা-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জনস্বার্থে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া হইতে বাঘাবাড়ি হইয়া পাবনার বেড়া সাঁথিয়া হইয়া কাশিনাথপুর পর্যন্ত রেল লাইন সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা এই সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে; না থাকিলে, কেন?

৫৮৬। জনাব আলী আজম (ভোলা-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশে পাটের মূল্য বৃদ্ধি এবং পাট উৎপাদন কৃষকদের সহায়তা প্রদান করিবার লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

৫৮৭। জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলার বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলার অসহায় শিশু মহিলাদের জন্য কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৮৮। জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) সড়ক পরিবহন আইন, ২০১৮ বাস্তবায়নে অবিলম্বে প্রয়োজনীয় বিধি বিধান তৈরি করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ; না হইলে, তাহার কারণ কী; এবং

খ) এই কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবী ও যোগাযোগের সহজ ঠিকানা কী?

৫৮৯। জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঢাকা-রাজশাহীর সঙ্গে কয়টি ট্রেন চলাচল করে এবং নতুন কোনো ট্রেন চালু করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ cemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৫৯০ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে চট্টগ্রাম জেলায় কোনো পাটকল আছে কিনা; সরকারি/বেসরকারিভাবে হিসাব কী; এবং ইহার মধ্যে কোনো পাটকল বন্ধ আছে কিনা; থাকিলে, বন্ধকল চালু করা হইবে কিনা; হইলে, তাহা কী?

৫৯১ । জনাব জাফর আলম (কক্সবাজার-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক ও জনপথ বিভাগের আওতায় উন্নয়নের জন্য কক্সবাজার জেলার চকরিয়া ও পেকুয়া উপজেলার কোনো রাস্তা, কালভার্ট বা ব্রিজ তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; হইলে, বরাদ্দের পরিমাণসহ তালিকা কী; এবং কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

৫৯২ । জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, ঢাকার যানজট কমাইতে এইবার ইনার রিং রোডের ওপর এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হইয়াছে; এবং বিষয়টি সত্য হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৫৯৩ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত সময়ে নোয়াখালী জেলায় কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, অর্থ বছর এবং উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

৫৯৪ । জনাব নাছিমুল আলম চৌধুরী (কুমিল্লা-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুমিল্লা জেলায় রক্ষণাবেক্ষণ খাতে মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে; উক্ত বরাদ্দ হইতে রায়পুর উপজেলায় কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা?

৫৯৫ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১০-১১ অর্থ বছর হইতে ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত বস্ত্র খাত হইতে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হইয়াছে; এবং অর্থ বছরওয়ারী তাহার হিসাব কী?

৫৯৬ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের সড়ক ও জনপথ বিভাগের অধীনের সড়কসমূহের সংস্কারকল্পে ফেনী জেলায় মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে; তাহা চাহিদা পূরণে যথেষ্ট কিনা; না হইলে, উক্ত জেলায় সড়ক ও জনপথ বিভাগের জন্য বিশেষ অর্থ বরাদ্দের পরিকল্পনা সরকারের আছে কিনা?

৫৯৭ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিগত পাঁচ বছরে দেশে কতজন শিশু, মহিলা ও নির্যাতিত ও ধর্ষিত হইয়াছে; এই কাজে জড়িত অপরাধীদের বিষয়ে কী কী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

৫৯৮ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শিশু অধিকার নিশ্চিত করিবার জন্য শিক্ষা, সুরক্ষা, পুষ্টি এবং মানসিক অবস্থার উপর জোর দিতে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

৫৯৯ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশের মোট জনগোষ্ঠীর ৪৫ শতাংশ শিশু এবং তারাই দেশের আগামী দিনের নেতা; উত্তর হ্যাঁ হইলে, তাহাদের অধিকার প্রতিষ্ঠায় সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemourhd@gmail.com এ প্রেরণের
জন্য অনুরোধ করা হইল।"

ঢাকা,
২ মাঘ, ১৪২৬।
১৬ জানুয়ারী, ২০২০।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।